বরাবর,

রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড,
বখশী বাজার,ঢাকা-১২০৪।

D R (A)

১৩.৭.২৫

বিষয়: আওয়ামী ফ্যাঁসিবাদের দোসর এডহক কমিটির সভাপতিসহ এডহক কমিটি বাতিলের আবেদন।

সূত্র: স্মারক নং-বামাশিবো/প্রশা/২৩১২৫১০২০৮৭১/১১২৬৪৬/নথি নং-২৫৯  তারিখ:০৩-০৭-২০২৫খ্রি:

জনাব,

যথাযোগ্য সম্মান প্রদর্শণ পূর্বক নিবেদন এই যে, আমরা নিম্ন স্বাক্ষরকারীগন পটুয়াখালীর বাউফল উপজেলার উত্তর দাসপাড়া দাখিল মাদরাসার অভিভাবক ও শিক্ষক-কর্মচারীগন এই মর্মে অভিযোগ করছি যে, সূত্রোল্লেখিত স্মারক পত্রের আলোকে আমরা জানতে পারলাম অত্র মাদরাসার এডহক কমিটি গঠন ও মাদরাসা বোর্ড কর্তৃক ০৩-০৭-২০২৫খ্রি:উক্ত কমিটি অনুমোদিত হয়েছে। এডহক কমিটি গঠন ও সভাপতি মনোনয়ন সম্পর্কে আমরা কিছুই জানিনা। সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করে অসৎ উদ্দ্যেশ্য চরিতার্থ করার জন্যই উক্ত এডহক কমিটি গঠন করা হয়েছে।

০১. সভাপতি খালেদ সাইফুল্লাহ ফ্যাঁসিবাদী আওয়ামীলীগের দোসর হিসেবে এলাকায় পরিচিত। তিনি সাবেক এমপি ও চিফ হুইপ আ.স.ম. ফিরোজের নাতনি জামাই। সেই সুবাদে এমপির হস্তক্ষেপে তিনি ০৫-০৬-১৯৯৭খ্রি: অত্র মাদরসার সুপার হিসেবে নিয়োগ নেন। তিনি প্রতিষ্ঠানে দলীয় এজেন্ডা বাস্তবায়ন অর্থ আত্মসাৎ ও নানা অপকর্মে জড়িয়ে পড়েন। (কপি সংযোজিত) কোন আইন কানুনের তোয়াক্কা করতেন না। তার ভয়ে সবাই আতংকিত থাকত। আওয়ামীলীগে জড়িত থাকার সুবাদে সাবেক এমপির হস্তক্ষেপে তিনি উপজেলার উত্তর কনকদিয়া আলিম মাদরাসার অধ্যক্ষ হিসেবেও নিয়োগ নিয়েছেন। আওয়ামী ফ্যাঁসিবাদের দোসর এই খালেদ সাইফুল্লাকে সভাপতি মনোনীত করায় জনমনে দারুন ক্ষোভের সৃষ্টি হয়েছে। **এটা জুলাই অভ্যুত্থানের চেতনার পরিপন্থি ও শহীদদের রক্তের সাথে প্রতারণার শামিল।**

০২. সভাপতি খালেদ সাইফুল্লাহ অত্র মাদরসার সুপার থাকা কালীণ নানা অজুহাতে শিক্ষক কর্মচারীদের হয়রানি, মামলা, সাময়িক বরখাস্ত ও চাকুরীচ্যুত করার চেষ্টা করেন। সভাপতি হয়ে তিনি পূর্ব শত্রুতার আক্রোশে শিক্ষক কর্মচারীদের পুনরায় হয়রানির আশংকা করছি। এছাড়াও তিনি একটি প্রতিষ্ঠানে কর্মরত থাকা অবস্থায় সভাপতি হওয়ার জন্য তার সভাপতি উপজেলা নির্বাহী অফিসারের অনুমতি নেননি। (কপি সংযোজিত)

০৩. ভারপ্রাপ্ত সুপার মো: নজির উদ্দিন মৃধা ও ছায়া সুপার হিসেবে খ্যাত তার ছেলে মো: ইমরাণ হোসেনের সেচ্চাচারিতা, অনিয়ম, দুর্নীতির কারণে শিক্ষক কর্মচারীগন সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসারের কাছে ০৬-০৩-২০২৫খ্রি:অভিযোগ দাখিল করেণ। উপজেলা নির্বাহী অফিসার মহোদয় অধ্যক্ষ ধানদী কামিল মাদরাসাকে আহবায়ক করে তিন সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করেণ এবং তদন্ত কমিটি উক্ত অভিযোগ তদন্ত করে গত ২৮-০৫-২০২৫খ্রি: প্রতিবেদন দাখিল করেণ। ভারপ্রাপ্ত সুপারের অদক্ষতা ও অভিযোগ প্রমানিত হওয়ায় উপজেলা নির্বাহী অফিসার শিক্ষক কর্মচারীদের সভা ডেকে গত ০১-০৭-২০২৫খ্রি: রেজুলেশনের মাধ্যমে সাবেক ভারপ্রাপ্ত সুপার মো: মাসুম বিল্লাহকে পুনরায় ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব দেন। (কপি সংযোজিত)

৫০ 13.07.25

20/07/25

অতএব মহোদয়, জুলাই চেতনার পরিপন্থি, আওয়ামী ফ্যাঁসিবাদের দোসর খালেদ সাইফুল্লাকে সভাপতি থেকে অব্যহতিসহ এডহক কমিটি বাতিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনে আপনার সদয় দৃষ্টি কামনা করছি।

তা; ০৮.০৭.২৫

নিবেদক
অভিভাবক ও শিক্ষক কর্মচারীদের পক্ষে

| ক্রমিক | নাম | পদবী | স্বাক্ষর | মোবাইল নং |
|---|---|---|---|---|
| ০১. | মো: মাছুম বিল্লাহ | সহ-মৌ (ভার:সুপার) | [signature] | 01714556632 |

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/পটুয়াখালী-২৫৯/**২২৬**

তারিখ: ০৫ শ্রাবণ ১৪৩২
২০ জুলাই ২০২৫

**বিষয়: অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন উত্তর দাসপাড়া দাখিল মাদ্রাসার অনুমোদিত এডহক কমিটির সভাপতিসহ এডহক কমিটি বাতিলের জন্য অভিভাবক ও শিক্ষক কর্মচারীদের পক্ষে সহকারী মৌলভী (সহ. সুপার) জনাব মোঃ মাছুম বিল্লাহ একটি অভিযোগ দাখিল করেছেন। দাখিলকৃত অভিযোগে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করে অসৎ উদ্দ্যেশ্য চরিতার্থ করার জন্য এডহক কমিটি গঠন করা হয়েছ। জুলাই চেতনার পরিপন্থি, আওয়ামী ফ্যাঁসিবাদের দোসর খালেদ সাইফুল্লাহ অর্থ আত্মসাৎ ও নানা অপকর্মে জড়িয়ে পড়েন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২০.৭.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
বাউফল, পটুয়াখালী।

নং-বামাশিবো/প্রশা/পটুয়াখালী-২৫৯/

তারিখ: ০৫ শ্রাবণ ১৪৩২
২০ জুলাই ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, পটুয়াখালী;
২. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাউফল, পটুয়াখালী;
৪. সভাপতি, উত্তর দাসপাড়া দাখিল মাদ্রাসা, ডাকঘর-বাউফল, বাউফল, পটুয়াখালী;
৫. সুপার/ভারপ্রাপ্ত সুপার, উত্তর দাসপাড়া দাখিল মাদ্রাসা, ডাকঘর-বাউফল, বাউফল, পটুয়াখালী;
৬. জনাব মোঃ মাছুম বিল্লাহ (অভিযোগকারী), সহকারী মৌলভী (সহ. সুপার) উত্তর দাসপাড়া দাখিল মাদ্রাসা, ডাকঘর-বাউফল, বাউফল, পটুয়াখালী;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

২০.৭.২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

F:\সমিতির\অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন.doc